

*(Handwritten signature)*

## বরিশালে ৫০টিতে শতভাগ ॥ তিন বিদ্যালয়ে কেউ পাস করেনি

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** ঘোষিত এসএসসির ফলে বরিশাল শিক্ষা বোর্ডের তিনটি বিদ্যালয়ের কোন পরীক্ষার্থীই পাস করতে পারেনি। এছাড়া বোর্ডের আওতাধীন ৫০টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মোঃ আনোয়ারুল আজিম জানান, ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার ইসলামপুর সেকেন্ডারি স্কুল থেকে ১৭, ভেরনবাড়িয়া সিএসইউ বালিকা মাধ্যমিক বিদ্যালয় থেকে পাঁচ এবং পটুয়াখালী সদরের উত্তর মৌকরণ এএইচ সেকেন্ডারি বিদ্যালয়ের ৭ পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে কেউ পাস করতে পারেনি। এছাড়া বোর্ডের আওতাধীন ৫০টি বিদ্যালয়ের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। এর মধ্যে বরিশাল জেলায় সর্বোচ্চ ১৬টি, বরগুণায় ১১, ভোলায় ১০, পটুয়াখালীতে ছয়, পিরোজপুরে চার ও ঝালকাঠি জেলার তিন বিদ্যালয় রয়েছে। প্রতি বছরের মতো এবারও এসএসসি পরীক্ষার ঘোষিত ফলে বরিশাল শিক্ষা বোর্ডে শীর্ষস্থান অধিকার করেছে বরিশাল ক্যাডেট কলেজ। এ বছর ৪৬ ক্যাডেটে সবাই জিপিএ-৫ পেয়েছে।

**বরিশালে এবারও মেয়েরা এগিয়ে ॥** এ বছর পাসের হার ৭৭ দশমিক ১১। বিগত বছরের মতো গড় পাসের হার এবং জিপিএ-৫ এর বেলায় এবারও ছাত্রদের চেয়ে ছাত্রীরা এগিয়ে রয়েছে। এবার মেয়েদের পাসের হার ৭৯ দশমিক ০২ ও ছেলেদের পাসের হার ৭৫ দশমিক ২৩। পাশাপাশি মেয়েরা এক হাজার ৮০১ জিপিএ-৫ পেয়েছে। যার থেকে ছেলেরা ১৪০টি জিপিএ-৫ কম পেয়েছে। ছেলেদের মোট জিপিএ-৫ এক হাজার ৬৬১টি। বিষয়ভিত্তিক পাসের হারে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগেও এগিয়ে রয়েছে মেয়েরা।

বোর্ডের দেয়া তথ্যানুযায়ী এবার ১ হাজার ৪২৫ স্কুল থেকে এক লাখ তিন হাজার ৯১১ পরীক্ষার্থী ১৭২ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করে।

**বোর্ড সেরা ভোলা জেলা ॥** ঘোষিত ফলে পাসের হারে এগিয়ে ভোলা জেলা। এ জেলার পাসের হার ৮৩.০২ ভাগ। তবে গত বছর ভোলা জেলা পাসের হারে সবার শেষে অবস্থান করছিল। গত বছর এ জেলার পাসের হার ছিল ৭০.৫৮ ভাগ। এবার ভোলা জেলায় ১৯৩টি স্কুল থেকে পরীক্ষায় মোট ১৫ হাজার ৬১৭ শিক্ষার্থী অংশগ্রহণ করে। যার মধ্যে ছেলে আট হাজার ৬০৪, মেয়ে সাত হাজার ১৩ জন। পাস করেছে ১২ হাজার ৯৬৫ জন। এর মধ্যে ছেলে সাত হাজার ৩৭ ও মেয়ে পাঁচ হাজার ৯২৮ জন। দ্বিতীয় স্থানে রয়েছে বরগুনা জেলা।

পাসের হার ৮১.৭০ ভাগ। এ জেলায় ১১ হাজার ২৩৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে নয় হাজার ১৮২ জন। গত বছরের মতো এবারও তৃতীয় স্থানে রয়েছে পিরোজপুর জেলা। এ জেলায় ১২ হাজার ৭০০ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১০ হাজার ২৫২। চতুর্থ স্থানে রয়েছে বরিশাল জেলা। এ জেলায় ৩৫ হাজার ২৪১ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৭ হাজার ১১৭ জন। পঞ্চম স্থানে রয়েছে পটুয়াখালী জেলা।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
খাতি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/আত্মস্বাক্ষর	<i>(Handwritten signature)</i>
	স্বাক্ষর